



## ৫০ জন আরোহী নিয়ে রাশিয়ান বিমান নিখোঁজ



সংগৃহীত ছবি

রাশিয়ার একটি যাত্রীবাহী বিমান ৫০ আরোহী নিয়ে নিখোঁজ হয়েছে। বিমানটি চীন সীমান্তবর্তী পূর্ব সাইবেরিয়ার আমুর অঞ্চলের টিভা শহরের উদ্দেশে যাত্রা করেছিল। তবে যাত্রাপথে বৃহস্পতিবার (২৪ জুলাই) হঠাৎ করেই ট্রাফিক কন্ট্রোলের সঙ্গে এর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এরপর থেকে বিমানটির আর কোনো সন্ধান পাওয়া যায়নি।

রুশ জরুরি ব্যবস্থাপনা বিভাগ (EMERCOM) এক বিবৃতিতে জানিয়েছে, নিখোঁজ হওয়া বিমানটি ছিল Antonov An-24 (এন-২৪) মডেলের, যা পরিচালনা করছিল সাইবেরিয়াভিত্তিক আঙ্গারা এয়ারলাইনস। বিমানটি যখন চীন সীমান্তযেঁষা আমুর অঞ্চলের টিভা শহরের দিকে যাচ্ছিল, ঠিক তখনই রাডার থেকে হঠাৎ অদৃশ্য হয়ে যায়। এর সঙ্গে সঙ্গে কন্ট্রোল টাওয়ারের সব ধরনের যোগাযোগও বিচ্ছিন্ন হয়ে যায়।

আমুর অঞ্চলের গভর্নর ভাসিলি ওরলভ টেলিগ্রামে দেওয়া এক বিবৃতিতে বলেন, “বিমানটি নিখোঁজ হওয়ার পরপরই জরুরি ভিত্তিতে উদ্ধার তৎপরতা শুরু হয়েছে। সম্ভাব্য সব পথ ও এলাকা চিহ্নিত করে অনুসন্ধান চালানো হচ্ছে।”

রুশ সামরিক বাহিনী, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ও জরুরি বিভাগের সদস্যরা একযোগে কাজ শুরু করেছে। খোঁজ চলছে ভূমি ও আকাশপথে—ব্যবহার করা হচ্ছে হেলিকপ্টার, ড্রোন এবং অনুসন্ধান দল। পাশাপাশি পাহাড়ি অঞ্চল ও বনাঞ্চল ঘেঁষা দুর্গম এলাকাও খতিয়ে দেখা হচ্ছে।